

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৮১৮

৩৬/ আদব (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৪৭. প্রতিশোধ গ্রহণ সম্পর্কে।

# باب فِي الإِنْتِصارِ

## আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذً، حَدَّثَنَا أَبِي ح، وَحَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ بْنِ مَيْسَرَةَ، حَدَّثَنَا مُعَاذُ بْنُ مُعَاذُ ، \_ الْمَعْنَى وَاحِدٌ \_ قَالَ حَدَّثَنَا ابْنُ عَوْنٍ، قَالَ كُنْتُ أَسْأَلُ عَنْ الإِنْتِصَارِ، مُعَاذُ بْنُ مُعَاذَ ، \_ الْمَعْنَى وَاحِدٌ \_ قَالَ حَدَّثَنَا ابْنُ عَوْنٍ وَزَعَمُوا أَنَّهَا كَانَتْ تَدْخُلُ عَلَى أُمِّ الْمُؤْمِنِينَ قَالَتْ عَنْ أُمِّ مُحَمَّدِ امْرَأَةِ أَبِيهِ قَالَ ابْنُ عَوْنٍ وَزَعَمُوا أَنَّهَا كَانَتْ تَدْخُلُ عَلَى أُمِّ الْمُؤْمِنِينَ قَالَتْ قَالَتْ أُمُّ الْمُؤْمِنِينَ دَخَلَ عَلَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَعِنْدَنَا زَيْنَبُ بِنْتُ جَحْشٍ فَجَعَلَ يَصِنْعُ شَيْئًا بِيَدِهِ فَقُلْتُ بِيدِهِ حَتَّى فَطَنْتُهُ لَهَا فَأَمْسَكَ وَأَقْبَلَتْ زَيْنَبُ بِنْتُ جَحْشٍ فَجَعَلَ يَصِنْعُ شَيْئًا بِيَدِهِ فَقُلْتُ بِيدِهِ حَتَّى فَطَنْتُهُ لَهَا فَأَمْسَكَ وَأَقْبَلَتْ زَيْنَبُ بِنْتُ جَحْشٍ فَجَعَلَ يَصِنْعُ شَيْئًا بِيدِهِ فَقُلْتُ بِيدِهِ حَتَّى فَطَنْتُهُ لَهَا فَأَمْسَكَ وَأَقْبَلَتْ زَيْنَبُ بِنِثَ عَلَيْ رَضَى الله عنها فَتَهَاهَا فَأَبُتْ أَنْ تَنتَهِي فَقَالَ لِعَائِشَةَ " سُبِيها " فَسَبَّتُها فَعَلَبَتُهَا فَعَلَبَتُهُ لَعَالِمُ لِعَائِشَةَ " سُبِيها " فَسَبَّتُها فَعَلَبَتُها فَعَلَبَتُها فَعَلَاتُ لِكَائِشَةَ " سُبِيها " فَسَبَّتُها فَعَلَبَتُها وَعَعَتْ بِكُمْ وَنَ فَلَالَ لِعَائِشَةَ " سُبِيها " فَسَبَّتُها فَعَلَبَتُها وَعَنَاتُ لِكَابُقَةً " وَكَذَا . قَالَ وَجَاءَ عَلِيٌّ رضَى الله عنه إلَى النَّهِي صَالِله عليه وسلم فَكَلَّمَهُ فِي ذَلِكَ .

#### বাংলা

৪৮১৮. উবায়দুল্লাহ ইবন মু'আয (রহঃ) ..... ইবন আওন (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি ইনতিসার বা প্রতিশোধ গ্রহণের অর্থ সম্পর্কে জিজ্ঞাসা করি, যেমন কুরআনে আছেঃ আর যে ব্যক্তি অত্যাচারিত হওয়ার পর প্রতিশোধ গ্রহণ করে, তাদের কোন অপরাধ নেই। তখন আমার কাছে আলী ইবন যায়দ ইবন জাদআন তার পিতার স্ত্রী উম্মু মুহাম্মদ (রহঃ) থেকে বর্ণনা করেন। ইবন আওন (রহঃ) বলেনঃ লোকদের ধারণা, তিনি উম্মুল মু'মিমীন আইশা (রাঃ)-এর কাছে যাতায়াত করতেন। রাবী বলেনঃ আইশা (রাঃ) বলেছেনঃ একদা রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সে সময় আমার কাছে আসেন, যখন সেখানে যয়নব বিনত জাহাশ (রাঃ) উপস্থিত ছিলেন।



নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম তাঁর হাত দিয়ে আমাকে চিমটি দিলে, আমি তাকে এরূপ করতে নিষেধ করি, এমন কি আমি তাঁর হাতকে সরিয়ে দেই। তা দেখে যয়নব (রাঃ) আইশা (রাঃ)-এর প্রতি কটুক্তি করলে নবী করীম সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম তাকে এরূপ করতে নিষেধ করেন। কিন্তু যয়নব (রাঃ)-এর প্রতি কর্ণপাত না করলে নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম আইশা (রাঃ)-কে তাঁর কটুক্তি জবাব দেয়ার অনুমতি দেন। তখন আইশা (রাঃ) যয়নব (রাঃ)-এর কটুক্তির জবাব দেন এবং তাঁর উপর বিজয়ী হয়। তখন যয়নব (রাঃ) আলী (রাঃ)-এর নিকট উপস্থিত হয়ে অভিযোগ পেশ করেন যে, আইশা (রাঃ) আপনার খান্দান (বনূ-হাশিম) সম্পর্কে এরূপ কটাক্ষ করেছেন। যা শুনে ফাতিমা (রাঃ) নবী করীম সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত হন (অভিযোগ পেশের জন্য।)

তখন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ফাতিমা (রাঃ)-কে বলেনঃ কা'বাব রবের কসম! সে (আইশা) তো তোমরা পিতার খুবই প্রিয় বিবি। (কাজেই, সে যদি কিছু বলে থাকে তবে তা ভুলে যাও এবং তাকে ক্ষমা কর।) এরপর ফাতিমা (রাঃ) ফিরে গিয়ে বনূ হাশিমকে বলেনঃ আমি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে এরূপ বলায়, তিনি আমাকে এরূপ বলেছেন। এরপর আলী (রাঃ) নবী করীম সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত হয়ে সে ব্যাপারে কথাবার্তা বলেন।

## **English**

### Narrated Aisha, Ummul Mu'minin:

Ibn Awn said: I asked about the meaning of intisar (revenge) in the Qur'anic verse: "But indeed if any do help and defend themselves (intasara) after a wrong (done) to them, against them there is no cause of blame." Then Ali ibn Zayd ibn Jad'an told me on the authority of Umm Muhammad, the wife of his father.

Ibn Awn said: It was believed that she used to go to the Mother of the Faithful (i.e. Aisha). She said: The Mother of the Faithful said: The Messenger of Allah (ﷺ) came upon me while Zaynab, daughter of Jahsh, was with us. He began to do something with his hand. I signalled to him until I made him understand about her. So he stopped. Zaynab came on and began to abuse Aisha. She tried to prevent her but she did not stop.

So he (the Prophet) said to Aisha: Abuse her.

So she abused her and dominated her. Zaynab then went to Ali and said: Aisha abused you and did (such and such). Then Fatimah came (to the Prophet) and he said to her: She is the favourite of your father, by the Lord of the Ka'bah!



She then returned and said to them: I said to him such and such, and he said to me such and such. Then Ali came to the Prophet (ﷺ) and spoke to him about that.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইবনু 'আউন (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন